"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭২.২০২২-১২৮৩ তারিখঃ ২২ ডিসেম্বর ২০২২ খ্রি.।

# বিজ্ঞপ্তি

বিষয় : রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন BDRIS সফটওয়্যারে সেবা সহজিকরণের লক্ষ্যে ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিলকরণ, রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ, জাতীয়তা ও জন্ম তারিখ সংশোধন প্রক্রিয়া অবহিতকরণ।

এ কার্যালয়ের কারিগরি টিম কর্তৃক সেবা সহজিকরণের জন্য নিবন্ধনাধীন ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিলকরণ, রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ সংশোধন, জাতীয়তা সংশোধন ও জন্ম তারিখ সংশোধন করার ফিচারসমূহ BDRIS সফটওয়্যারে যুক্ত করা হয়েছে। এখন থেকে নিবন্ধক কার্যালয় থেকে নিবন্ধনাধীন ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিল, রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ সমন্বয়, জাতীয়তা ও জন্ম তারিখ সংশোধন করতে পারবে।

| ক্রমিক নং | সেবার নাম | ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ | সেবার লিংক |
|---|---|---|---|
| ০১ | একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিলকরণ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর BDRIS সফটওয়্যারে ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিলের সুযোগ বর্তমান সফটওয়ারে সংযোজন করা হয়েছে। পূর্বে ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ সফটওয়্যার থেকে বাতিল করা যেত না যার ফলে জনভোগান্তির সৃষ্টি হয়। জনভোগান্তি লাঘবের জন্য একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিলের উদ্যোগ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় হতে গ্রহণ করা হয় এবং সফটওয়ারে ফিচারটিও সন্নিবেশ করা হয়েছে। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে প্রথম রেজিস্ট্রেশন সনদটি বহাল রেখে পরের রেজিস্ট্রেশন করা জন্ম বা মৃত্যু সনদ গুলো বাতিল করতে হবে।<br>**আবেদনের ধাপসমূহ:**<br>**ধাপ-১:** ব্যক্তির একাধিক জন্ম ও মৃত্যু সনদ বাতিল করার জন্য http://bdris.gov.bd ওয়েব সাইটে নিবন্ধক সহকারীর আইডি দিয়ে প্রবেশ করতে হবে।<br>**ধাপ-২:** 'বাতিলকরণ বাটনে' ক্লিক করতে হবে।<br>**ধাপ-৩:** এরপর জন্ম সনদ বাতিলকরণ অপশনে প্রবেশ করে নির্দিষ্ট কারণ সিলেক্ট করে জন্ম নিবন্ধন নম্বর বসিয়ে 'অনুসন্ধান' বাটনে ক্লিক করতে হবে।<br>**ধাপ-৪:** এরপর নিচের একশন অপশন থেকে **'নিবন্ধন তারিখ'** দেখে প্রথম নিবন্ধনটি নির্বাচন করতে হবে।<br>**ধাপ-৫:** পরবর্তীতে কনফার্ম বাটনে ক্লিক করলে প্রথম জন্ম সনদ বা মৃত্যু সনদটি বহাল থাকবে এবং পরের সনদ গুলো সংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।<br>**ধাপ-৬:** পরবর্তীতে ক্ষেতমত উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উহা বাতিল হবে। | http://bdris.gov.bd |
| ০২ | রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ সংশোধন | পূর্বের হাতে লেখা জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য অনলাইনে স্থানান্তর করার সময় অনেক ক্ষেত্রে জন্ম সনদে জন্ম সনদে রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ ভুলভাবে লিপিবদ্ধ হয়। এর ফলে জন্ম ও মৃত্যু তারিখে আগেই জন্ম ও মৃত্যু নিবন্ধন হয়েছে। এই জনভোগান্তি হ্রাস ও সেবাসহজিকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু সনদে ভুলভাবে লিপিবদ্ধ রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ সমন্বয় করার নিমিত্ত BDRIS সফটওয়্যারে নতুন ফিচারে যুক্ত করা হয়েছে।<br>**আবেদনের ধাপসমূহ:**<br>**ধাপ-১:** ব্যক্তির রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ সংশোধন করার জন্য http://bdris.gov.bd ওয়েব সাইটে নিবন্ধক সহকারীর আইডি দিয়ে প্রবেশ করতে হবে।<br>**ধাপ-২:** 'জন্ম তথ্য' বাটনে ক্লিক করতে হবে।<br>**ধাপ-৩:** এরপর 'বিশেষ তথ্য সংশোধন' বাটনে ক্লিক করতে হবে।<br>**ধাপ-৪:** এরপর জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ লিখে অনুসন্ধান বাটনে ক্লিক করতে হবে।<br>**ধাপ-৫:** পরবর্তীতে সংশোধিত রেজিস্ট্রেশন ও ইস্যু তারিখ প্রদান করে পরবর্তী বাটনে সংযুক্তির জন্য ক্লিক করতে হবে। | http://bdris.gov.bd |

| | | | |
|---|---|---|---|
| | | **ধাপ-৬:** এই ধাপে ব্যক্তির অঙ্গিকার নামা, নিবন্ধকের প্রত্যয়নপত্র, হাতে লেখা নিবন্ধন বহির সংশ্লিষ্ট পৃষ্ঠার নিবন্ধক কর্তৃক সত্যায়িত কপি, হাতে লেখা জন্ম সনদের কপি সংযুক্ত করতে হবে।<br>**ধাপ-৭:** পরবর্তীতে ক্ষেতমত উর্ধ্বতন কর্তৃপক্ষের সুপারিশক্রমে রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের অনুমদোন সাপেক্ষে সংশ্লিষ্ট নিবন্ধন কার্যালয় থেকে নিষ্পত্তি হবে। | |
| ০৩ | জাতীয়তা | জন্ম সনদ সংশোধনের স্বাভাবিক প্রক্রিয়ায় জাতীয়তা সংশোধন করা যাবে। এ ক্ষেত্রে ব্যক্তির জাতীয়তা সংশোধন করার জন্য http://bdris.gov.bd ওয়েব সাইটে নিবন্ধক সহকারী তার আইডি দিয়ে প্রবেশ করবে।<br>তারপর, ব্যক্তির পিতা বা মাতা বিদেশী নাগরিক হলে তার জাতীয়তা ভুল লিপিবদ্ধ হলে তা সংশোধনের জন্য উপযুক্ত প্রমাণক যেমন, ব্যক্তির পিতা বা মাতার পাসর্পোটের কপি সংযুক্তকরণ অথবা যুক্তিগ্রাহ্য কোন প্রমাণকের ভিত্তিতে সংশোধন করা যাবে। | http://bdris.gov.bd |
| | জন্ম তারিখ সংশোধন | বর্তমান BDRIS সফটওয়্যারে ০১-০১-২০১৩ তারিখের পর জন্ম তারিখ সংশোধন করা যায় না। অনেক ক্ষেত্রে নিবন্ধক ভুল জন্ম তারিখ লিপিবদ্ধ করার কারণে তা সংশোধন করা যেত না। এখন থেকে BDRIS সফটওয়্যারে জন্ম তারিখের শুধুমাত্র দিন ও মাসের সংশোধন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসনের আইডি থেকে সংশোধন করতে পারবেন। | |


**মোঃ রাশেদুল হাসান**
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ **+৮৮০২২২৩৩৮৬৬০৬**
ই-মেইল- rg@lgd.gov.bd


সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: উপসচিব, সিটি কর্পোরেশন-২ শাখা]

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭২.২০২২-১২৮৩(১/৯)

তারিখঃ ২২ ডিসেম্বর ২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ [দৃ: আ: উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা]।
০২। মহাপরিচালক, কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় [দৃ: আ: সহকারী সচিব (কনস্যুলার ও এম আর পি)] (তাঁকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়েকে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার (সকল), .........................................।
০৫। জেলা প্রশাসক (সকল), ...............................................।
০৬। উপসচিব, ই-গর্ভন্সেস-১,২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৭। উপসচিব, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ................... জেলা। (তাঁকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়েকে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)
০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ....................................। (তাঁকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়সমূকে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)

22/12/2022


**মোঃ রাশেদুল হাসান**
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন